

“ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমআইএস ইউনিট
www.dgfp.gov.bd

জরুরি

নম্বর: ৫৯.১১.০০০০.৪০২.৩২.০০৩.১৯.১০০

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০

০৩ মে ২০২৩

প্রাপক:

অতিরিক্ত সচিব, জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ এবং চীফ ইনোভেশন অফিসার,
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

বিষয়: পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এসবিসিসি ডকুমেন্টস/তথ্য প্রাপ্তি সহজিকরণ সংক্রান্ত ‘ডিজিটাল আর্কাইভ সেবা’ বাস্তবায়ন।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অনেক ঐতিহাসিক দলিল, পুরানো বিভিন্ন প্রতিবেদন, ফরমেট, ম্যানুয়াল, আইইসি ম্যাটেরিয়াল ও ডকুমেন্টস রয়েছে। জনস্বাস্থ্য পেশাদারগণ, গবেষক, একাডেমিয়া, বিভাগ, জেলা, উপজেলা ও ব্যক্তি পর্যায়ে হতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিট কর্তৃক প্রণীত এসবিসিসি সংক্রান্ত ঐতিহাসিক দলিল, পুরানো বিভিন্ন প্রতিবেদন, প্রজ্ঞাপন, ফরমেট, ম্যানুয়াল, আইইসি ম্যাটেরিয়াল ও ডকুমেন্টস প্রাপ্তির আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালকের দপ্তরে দাখিল করে থাকেন। মহাপরিচালকের দপ্তর আবেদনপত্রসমূহ পর্যালোচনাপূর্বক অধিদপ্তরের সংশ্লিষ্ট আইইএম ইউনিটে প্রেরণ করেন। পরিচালক (আইইএম) তথ্য প্রাপ্তির আবেদন বিভিন্ন ধাপে তা সংশ্লিষ্ট ডেস্ক বা শাখায় প্রেরণ করেন। সংশ্লিষ্ট শাখা হতে প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যসহ অনুমোদনের জন্য নথি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করেন। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তা শাখা হতে আবেদনকারীর নিকট প্রেরণ করা হয়। দীর্ঘ প্রক্রিয়ার মাধ্যমে কাঙ্ক্ষিত ডকুমেন্টস/তথ্য প্রাপ্তিতে অনেক সময়, শ্রম ও অর্থ ব্যয় করতে হয়।

০২। ডিজিটাল আর্কাইভ সিস্টেম বিভিন্ন বিভাগ, ইউনিট ও ব্যক্তিদের জ্ঞান ব্যবস্থাপনার জন্য এসবিসিসি সংক্রান্ত তথ্য পুনরুদ্ধার, ডকুমেন্টস খুঁজে পাওয়া, নতুন উপকরণ তৈরি, ঐতিহাসিক প্রমাণপত্র রাখার, বিভিন্ন বিভাগ জুড়ে উদ্যোগগুলি চালিয়ে যাওয়া এবং প্রোগ্রাম ম্যানেজারদের জন্য অধিদপ্তরের জ্ঞান সামগ্রিতে দ্রুত, অনলাইন অ্যাক্সেস পাওয়ার সুযোগ তৈরি করে।

০৩। পরিবার পরিকল্পনা অধিদপ্তরে ডিজিটাল আর্কাইভের মাধ্যমে অনলাইনে ওয়েবসাইট থেকে এসবিসিসি সংক্রান্ত ডকুমেন্টস/তথ্য প্রাপ্তির কার্যক্রম উদ্বোধন করা হয়েছে এবং চলতি ২০২৩-২০২৩ অর্থ বছরে অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম [১.১] “সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন”-এর অংশ হিসেবে ‘ডিজিটাল আর্কাইভ সেবা’ বাস্তবায়নের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অধিদপ্তরের ওয়েবসাইটে প্রবেশ করে ডিজিটাল আর্কাইভ মেনুতে যেয়ে রেজিস্ট্রেশন করে মাত্র ২/৩ মিনিটে ২/৩টি ধাপ অতিক্রম করে তথ্য সেবাটি পাওয়া সম্ভব হবে। যার ফলে সময়, শ্রম ও অর্থ ব্যয় হবে না বললেই চলে।

০৪। এমতাবস্থায়, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এসবিসিসি ডকুমেন্টস/তথ্য প্রাপ্তির ‘ডিজিটাল আর্কাইভ সেবা’ প্রদানের ধাপ/রোডম্যাপ প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। অধিদপ্তরের আইইএম ইউনিটসহ সংশ্লিষ্ট ইউনিট স্ব-স্ব ইউনিটের ডকুমেন্টস/তথ্য নিয়মিত ডিজিটাল আর্কাইভে আপলোড করবে। যা এসবিসিসি ডকুমেন্টস/তথ্য প্রত্যাশীদের ডকুমেন্টস প্রাপ্তিতে সহায়ক ভূমিকা রাখবে।

০৫। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: ডিজিটাল আর্কাইভ সেবার ধাপ/রোডম্যাপ- বর্ণনামতে ১ (এক) ফর্দ।

আপনার বিশ্বস্ত,



৩-৫-২০২৩

সাবিনা পারভীন

পরিচালক (এমআই এস) ও ইনোভেশন

অফিসার

ফোন: ৫৫০১২৩৫২

ইমেইল: dirmis@dgfp.gov.bd

নম্বর: ৫৯.১১.০০০০.৪০২.৩২.০০৩.১৯.১০০/১(২৮)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০

০৩ মে ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ২) অধ্যক্ষ, এফডাব্লিউভিটিআই, আজিমপুর, ঢাকা।
- ৩) সদস্য (সকল), ইনোভেশন কমিটি, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৫) পরিচালক (এমআইএস) এর ব্যক্তিগত সহকারী, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।



৩-৫-২০২৩

মোঃ আবুল কালাম আজাদ

লজিস্টিক মনিটরিং অফিসার ও সদস্য সচিব,

ইনোভেশন কমিটি।